

আল্লাহকে যে পাইতে চায়

কাজী নজরুল ইসলাম

আল্লাহ কে যে পাইতে চায় হজরতকে ভালবেসে
আরশ কুরসী লওহ কালাম না চাইতেই পেয়েছে সে ॥

রসূল নামের রশি ধ'রে
যেতে হবে খোদারঘরে,
নদী -তরঙ্গে যে পড়েছে, ভাই
দরিয়াতে সে আপনি মেশে ॥

তক করে দুঃখ ছাড়া কী পেয়েছিস অবিশ্বাসী,
কী পাওয়া যায় দেখ না বারেক হজরতে মোর ভালবাসি?

এই দুনিয়ায় দিবা-রাতি
ঈদ হবে তোর নিত্য সাথী ;
তুই ঢ়া চাস তাই পাবি হেথায়
আহমদ চান যদি হেসে ॥